

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৩৪

১/ বিবিধ

আরবী

إنكم لا تسعون الناس بأموالكم، فليسعهم منكم بسط الوجه، وحسن الخلق
ضعيف

رواه علي بن حرب الطائي في " حديثه " (1 / 81) وأبو نعيم (10 / 25) من طريق عبد
الله بن سعيد المقبري عن جده عن أبي هريرة. وعزاه السيوطي للحاكم أيضا
والبيهقي. قال المناوي: " قال البيهقي: تفرد به عبد
الله بن سعيد المقبري عن أبيه (كذا) . وروي من وجه آخر ضعيف عن عائشة. اهـ
وفي " الميزان " : عبد الله بن سعيد هذا واه بمرّة، وقال الفلاس: منكر الحديث
متروك، وقال يحيى: استبان لي كذبه، وقال الدارقطني، متروك ذاهب
وساق له أخبارا هذا منها، ثم قال: وقال فيه البخاري: تركوه ". قلت: وأورده الهيثمى
في " المجمع " (8 / 22) برواية أبي يعلى والبزار وقال: " وفيه عبد الله بن سعيد
المقبري وهو ضعيف ". وأما قول المنذري (3 / 260) : " رواه أبو يعلى والبزار من
طرق أحدهما حسن جيد ". فأخشى أن يكون وهما لأمرين: الأول: أنه لو كان له طرق
أحدهما حسن. لما اقتصر الهيثمى على ذكر الطريق الضعيف. الثاني: أن البيهقي قد
صرح بتفرد المقبري به. والله أعلم
ثم إنني لم أجد الحديث في " المستدرک " . ثم وجدته فيه (1 / 124) وقال: " عن أبيه

বাংলা

৬৩৪। তোমরা লোকদেরকে তোমাদের সম্পদ দ্বারা পরিতৃপ্ত করো না। তোমরা তাদেরকে তোমাদের হাস্যোজ্জল চেহারা এবং সুন্দর আচরণ দ্বারা পরিতৃপ্ত কর ।

হাদীছটি দুর্বল ।

এটি আলী ইবনু হারব আত-তাঈ তার "হাদীছ" (১/৮১) গ্রন্থে এবং আবু নোয়াইম (১০/২৫) আব্দুল্লাহ ইবনু সাঈদ আল-মাকবুরী সূত্রে তার দাদা হতে তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন ।

সুযুতী বলেছেনঃ হাকিম এবং বাইহাকীও বর্ণনা করেছেন । মানবী বলেছেনঃ বাইহাকী বলেনঃ আব্দুল্লাহ ইবনু সাঈদ তার পিতা হতে এককভাবে বর্ণনা করেছেন । আয়েশা হতে অন্য এক দুর্বল সূত্রেও বর্ণিত হয়েছে । “আল-মীযান” গ্রন্থে এসেছেঃ এই আব্দুল্লাহ ইবনু সাঈদ একেবারে দুর্বল । ফাল্লাস বলেনঃ তিনি মুনকারুল হাদীছ, মাতরুক । ইয়াহইয়া বলেনঃ আমার কাছে তার মিথ্যা প্রকাশ পেয়ে গেছে । দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক । অতঃপর তিনি বলেন, বুখারী বলেছেনঃ মুহাদ্দিছগণ তাকে পরিত্যাগ করেছেন ।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটি হায়ছামী "আল-মাজমা" (৮/২২) গ্রন্থে আবু ইয়াল্লা এবং বাযযারের বর্ণনায় উল্লেখ করে বলেছেনঃ তাতে আব্দুল্লাহ ইবনু সাঈদ রয়েছে, তিনি দুর্বল ।

মুনযেরী যে বলেছেন, আবু ইয়াল্লা এবং বাযযার বিভিন্ন সূত্রে বর্ণনা করেছেন, সেগুলোর একটি হাসান ও ভাল ।

আমার ভয় হচ্ছে যে, এরূপ কথা তিনি সন্দেহ বশত দুটি কারণে বলেছেনঃ

১। যদি তার হাসান সূত্র থাকতো তাহলে হায়ছামী শুধুমাত্র দুর্বল সূত্রটিই উল্লেখ করতেন না ।

২। বাইহাকী স্পষ্টভাবে বলেছেন যে, মাকবুরী হাদীছটি এককভাবে বর্ণনা করেছেন ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71513>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন